



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

কার্যালয় : বাড়ী নং-০৩, রোড নং- ই/১, ব্লক-সি শাহজালাল উপশহর, সিলেট-৩১০০

স্মারক নং : সিশিবো/বিদ্যা/অনুঃ/হবি/২০১০/৩৩৩

তারিখঃ ২৭/১০/১৪১৬ বাং  
০৯/০২/২০১০খ্রিঃ

প্রেরক : চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

প্রাপক : সচিব  
শিক্ষা মন্ত্রণালয়  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা।

দৃষ্টি আকর্ষণ : জনাব মোঃ ইমরুল চৌধুরী  
সিনিয়র সহকারী সচিব  
শাখা- ১২  
শিক্ষা মন্ত্রণালয়।

বিষয় : পরিদর্শন প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে বিনীতভাবে জানানো যাচ্ছে যে, হবিগঞ্জ জেলার চুনাকুড়া উপজেলাধীন সৈয়দ শামছুর রহমান নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক নবম শ্রেণীতে পাঠদানের অনুমতির জন্য আবেদন করায় অত্র বোর্ডের বিদ্যালয় পরিদর্শক গত ২৩/১২/২০০৯ খ্রিঃ তারিখে বিদ্যালয়টি সরেজমিনে পরিদর্শন করেন।

এমতাবস্থায় উক্ত বিদ্যালয়ে নবম শ্রেণীতে পাঠদানের অনুমতির বিষয়ে অত্র শিক্ষা বোর্ডের বিদ্যালয় পরিদর্শক কর্তৃক প্রস্তুতকৃত পরিদর্শন প্রতিবেদনের সাথে একমত পোষণ করে পরিদর্শন প্রতিবেদন সদয় পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য এতদসঙ্গে প্রেরণ করা হল।

সংযুক্তি : (ক) পরিদর্শন প্রতিবেদন - ০১ পাতা।

আপনার অনুগত

২১/২/১০  
(প্রফেসর ড. এস এম আব্দুল খালেক)  
চেয়ারম্যান  
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড  
সিলেট।

অনুলিপি :

১. প্রধান শিক্ষক, সৈয়দ শামছুর রহমান নিম্ন মাধ্যমিক বিদ্যালয়, চুনাকুড়া, হবিগঞ্জ।



# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, সিলেট

বাড়ী নং-০৩, রোড নং ৪ ই/১, ব্লক ৪ সি, উপশহর, সিলেট

## বিদ্যালয়ের নাম : সৈয়দ শামছুর রহমান নিম্ন মাধ্যমিক বিদ্যালয়

ডাক : রামশ্রী উপজেলা : চুনারুঘাট জেলা : হবিগঞ্জ।

পরিদর্শনের তারিখ : ২৩-১২-২০০৯ খ্রিঃ

নবম শ্রেণীতে পাঠদানের অনুমতির লক্ষ্যে প্রতিষ্ঠান কর্তৃক জমাকৃত কাগজপত্র ও সরেজমিনে পরিদর্শনের প্রেক্ষিতে প্রাপ্ত তথ্যাদি নির্ধারিত ছকে নিম্নে উপস্থাপন করা হল :

ক্রমিক নং	পূরণীয় শর্ত	বর্তমান অবস্থার বর্ণনা	মন্তব্য
১	প্রতিষ্ঠান থেকে প্রতিষ্ঠানের দূরত্ব : ১ কিলোমিটার (পৌর ও শিল্প এলাকা), ৪ কিলোমিটার (মফস্বল এলাকা)। উপজেলা নির্বাহী অফিসারের প্রত্যয়নপত্র প্রয়োজন।	উত্তরে- ০৮ কি.মি. দক্ষিণে- ০৫কি.মি. পূর্বে- ০৬ কি. মি. পশ্চিমে- ০৭ কি. মি.	শর্ত পূরণ হয়েছে
২	প্রতিষ্ঠান এলাকার ন্যূনতম জনসংখ্যা : ১০,০০০ দশ হাজার) উপজেলা পরিসংখ্যান কর্মকর্তার প্রত্যয়নপত্র প্রয়োজন।	জনসংখ্যা- ১৭৩১১ জন (২০০১ সালের আদম শুমারী অনুযায়ী)	শর্ত পূরণ হয়েছে।
৩	শিক্ষার্থীর সংখ্যাঃ বালক-১৩০ জন (শহর এলাকা) ১০০ জন (মফস্বল এলাকা); বালিকা-১২০ জন (শহর এলাকা -৮০ জন (মফস্বল এলাকা)।	শিক্ষার্থী সংখ্যা - ২০৪ জন	শর্ত পূরণ হয়েছে
৪	নিজস্ব জমির পরিমাণ : ০.২৫ একর (মেট্রো এলাকা), ০.৫০ একর (পৌর এলাকা), ০.৭৫ একর (মফস্বল এলাকা) জমির দলিল ও পর্চা ও খাজনার রশিদ জমা দিতে হবে।	মোট ০.৮৫ একর। ০.৭৪ একর প্রতিষ্ঠানের নামে খারিজকৃত এবং ০.১১ একর খারিজ প্রক্রিয়াধীন	শর্ত পূরণ হয়েছে
৫	বিদ্যালয় ভবন/নিজস্ব ঘরঃ ছাত্র-ছাত্রী প্রতি ১ বর্গমিঃ ন্যূনতম প্রয়োজন অনুযায়ী পাকা/আধা-পাকা /টিনসেড ভবন (ছবি/স্কেচ ম্যাপ সহ বর্ণনা দাখিল করতে হবে)।	০৯ কক্ষ বিশিষ্ট টিনসেড ভবন - ০২টি	শর্ত পূরণ হয়েছে
৬	শিক্ষক/কর্মচারী সংখ্যা : অনুমোদিত স্ট্যাপিং প্যাটার্ন অনুযায়ী শিক্ষক ও কর্মচারীর বিস্তারিত বিবরণী জমা দিতে হবে।	সর্বমোট - ০৮ জন (শিক্ষিকা- ০৩ জন)	শর্ত পূরণ হয়েছে
৭	লাইব্রেরী: ২০০০ বই (ষ্টক রেজিস্ট্রারের ফটোকপি জমা দিতে হবে)	বইয়ের সংখ্যা - ১০০৭ টি	শর্ত পূরণ হয়নি
৮	তহবিল : সংরক্ষিত তহবিল : ৫০,০০০/= সাধারণ তহবিলে : ৩০,০০০/= (ব্যাংক সনদ জমা দিতে হবে)	সংরক্ষিত - ৫০,০০০/= সাধারণ - ৭০,২৩২/=	শর্ত পূরণ হয়েছে
৯	ব্যক্তি নামে নামকরণ : ১০ লক্ষ টাকা। সভাপতি/প্রধান শিক্ষক এবং জেলা শিক্ষা অফিসারের যৌথ হিসাবে ব্যাংক একাউন্ট এর কপি জমা দিতে হবে।	বিদ্যালয়ের অবকাঠামো উন্নয়নে ১০,০৯৬৫/= খরচের ভাউচার জমা আছে।	শর্ত পূরণ হয়েছে
১০	পাঠ্যক্রম : এন সি টি বি অনুমোদিত ও সরকারী নির্দেশনা অনুযায়ী নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করা হয় কিনা? (প্রত্যয়নপত্র জমা দিতে হবে)	নির্ধারিত পাঠ্যক্রম অনুসরণ করা হচ্ছে।	শর্ত পূরণ হয়েছে

পাতা -২

ক্রমিক নং	পূরণীয় শর্ত	বর্তমান অবস্থার বর্ণনা	মন্তব্য
১১	সহ পাঠ্যক্রমিক কার্যক্রম : বার্ষিক ক্রীড়া, খেলাধুলা, সাহিত্য ও সংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, বৃক্ষরোপন স্কাউটিং/গার্লস গাইড, পরিষ্কার পরিচ্ছন্নতা ইত্যাদি কার্যক্রম গ্রহণ করা হয় কি না? (প্রত্যয়নপত্র জমা দিতে হবে)	সহ পাঠ্যক্রম চালু আছে ।	শর্ত পূরণ হয়েছে
১২	শিক্ষা প্রতিষ্ঠানের ব্যবস্থাপনা : অনুমোদিত ব্যবস্থাপনা কমিটির ফটোকপি জমা দিতে হবে।	কার্য নির্বাহী কমিটি বিদ্যমান	শর্ত পূরণ হয়েছে
১৩	নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত কি না?	পাঠদানের প্রাথমিক অনুমতি রয়েছে, তবে একাডেমিক স্বীকৃতিপ্রাপ্ত নয়।	শর্ত পূরণ হয়নি

সার্বিক মন্তব্য ও সুপারিশ : বিদ্যালয়টি হবিগঞ্জ জেলার চুনাকুয়াট উপজেলায় গ্রামীণ জনপদে অবস্থিত। বিদ্যালয়টি ২০০৮ সালে নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে প্রাথমিক পাঠদানের অনুমতি লাভ করে। বিদ্যালয়টি নিম্ন মাধ্যমিক বিদ্যালয় হিসেবে স্বীকৃতি প্রাপ্ত নয়। সংশ্লিষ্ট ইউনিয়নে কোন মাধ্যমিক বিদ্যালয় নেই বিধায় বিদ্যালয়টির যথেষ্ট স্থানীয় প্রয়োজনীয়তা রয়েছে। বিদ্যালয়ের উদ্যোক্তাগণ বিদ্যালয়টিতে নবম শ্রেণীতে পাঠদানের অনুমতি প্রদান করা হলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না মর্মে অঙ্গীকারনামা জমা দিয়েছেন।

এমতাবস্থায় উপস্থাপিত তথ্যাদির আলোকে উক্ত বিদ্যালয়ে নবম শ্রেণীতে পাঠদানের অনুমতির বিষয়ে সদয় বিবেচনার জন্য পেশকৃত।

(মোঃ আব্দুল মান্নান খান) ০৯/১১/১০  
বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

হবিগঞ্জ সিটি।